

বাংলাদেশের  
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়  
অডিট ভবন  
৭৭/৭ কাকরাইল, ঢাকা – ১০০০  
[www.cag.org.bd](http://www.cag.org.bd)

## প্রেস বিজ্ঞপ্তি

### সম্মানিত সেবাগ্রহীতাগণের জন্য হেল্প ডেস্ক এর শুভ উদ্বোধন

আজ সকালে কাকরাইলস্থ অডিট ভবনে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিএজি) এর কার্যালয় কর্তৃক দেশের সকল সম্মানিত পেনশনারগণের পেনশন সংক্রান্ত সেবা প্রদান সহ সকল সরকারি কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য নিরীক্ষা সংক্রান্ত কার্যক্রম ও সেবার মান আরও উন্নতকরণের লক্ষ্যে হেল্প ডেস্ক উদ্বোধন করা হয়। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিএজি) মোঃ নূরুল ইসলাম হেল্প ডেস্ক এর শুভ উদ্বোধন করেন। এ উদ্বোধন অনুষ্ঠানে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়, বাংলাদেশের হিসাব মহানিয়ন্ত্রক জনাব ফাহিমদা ইসলাম, ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ এন্ড আর) জনাব এস এম রেজভী সহ নিরীক্ষা ও হিসাব বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

ফিডব্যাক ও মনিটরিং সফটওয়্যারের মাধ্যমে এ হেল্প ডেস্কের তদারকি হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ), কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ও অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে এর দেশব্যাপী বিভিন্ন হিসাবরক্ষণ অফিস হতে লাম্প গ্রান্ট, জিপিএফ চূড়ান্ত পরিশোধ ও আনুতোষিকসহ অন্যান্য সেবা প্রদান এবং নিরীক্ষা সংক্রান্ত সেবা প্রদান কার্যক্রমকে আরও সহজ ও জনবান্ধব করবে।

একই সাথে সারা দেশে মাঠ পর্যায়ের সকল হিসাবরক্ষণ অফিস থেকে সম্মানিত পেনশন সেবাগ্রহীতাদের যথাযথ সেবা প্রদান এবং সম্মানিত সেবাগ্রহীতাগণের নিকট থেকে টেলিফোনের মাধ্যমে সেবা প্রাপ্তির বিষয়ে সরাসরি ফিডব্যাক গ্রহণের লক্ষ্যে সিএজি কার্যালয়ে নতুন আঞ্জিকে এ হেল্প ডেস্ক চালু করা হয়েছে। সিএজি কার্যালয়ের মনিটরিং ফিডব্যাক এর মাধ্যমে সেবা প্রদান যথাযথ হচ্ছে কিনা তা মনিটরিং করার ব্যবস্থা রয়েছে। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল তাঁর বক্তব্যে বলেন “সিএজি কার্যালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে স্থাপিত হেল্প ডেস্ক সম্মানিত সেবাগ্রহীতাগণকে সেবা প্রদান কার্যকরী ও দ্রুততার সাথে প্রদানকে ত্বরান্বিত করবে বিশেষত সম্মানিত পেনশনারগণের জন্য এটি খুবই ফলপ্রসূ হবে।

উল্লেখ্য সম্মানিত সেবাগ্রহীতাগণের যোগাযোগের জন্য ০১৩০২-৫৮৯৮৫২ ও ০১৮৫৮-৭৫০৬০৬ দুটি হেল্প লাইন নম্বর চালু করা হয়েছে।